

8.২ ক্যাপাসিটি বিল্ডিং অব ইআরডি প্রকল্পঃ

Capacity Building of ERD Project অর্থনৈতিক সম্পর্ক বিভাগের উদ্যোগে এবং এ বিভাগ কর্তৃক বাস্তবায়িত একটি প্রকল্প। প্রকল্পটি সম্পূর্ণ জাপান ঋণ মওকুফ তহবিলের (জেডিসিএফ) অনুদানে বাস্তবায়িত হচ্ছে যার মোট ব্যয় ২২.৭৪ কোটি টাকা। প্রকল্পটির বাস্তবায়নকাল সেপ্টেম্বর ২০০৮ হতে ৩০ জুন ২০১৫ পর্যন্ত।

8.২.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে কর্ম-পরিবেশ উন্নয়ন এবং পেশাগত দক্ষতা বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের দৈনন্দিন কার্যপদ্ধতির গতিশীলতা আনয়ন। এর সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

- শীর্ষ ব্যবস্থাপনা পর্যায়ের কর্মকর্তাদের উন্নয়ন সহযোগিতা আনয়নে দক্ষতা উন্নয়ন;
- বৈদেশিক সহায়তা আহরণে স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের মাধ্যমে নেগোশিয়েশন দক্ষতা বৃদ্ধি করা;
- ই-গভর্নেন্স চালুর লক্ষ্যে আইসিটির সুবিধাদি সৃষ্টি করা;
- ইআরডি-তে কাস্টমাইজড সফটওয়্যার স্থাপন এবং বিজনেস প্রোসেস অটোমেশন করা;
- দক্ষতর, অংশগ্রহণমূলক ও স্বচ্ছ ডেলিভারি ব্যবস্থার মাধ্যমে Good Governance নিশ্চিত করা;
- অনলাইন ইন্টারনেট সহায়তা ও তথ্য প্রবাহের জন্য প্রয়োজনীয় অবকাঠামো সহায়তা গড়ে তোলা;
- সু-শাসন নিশ্চিতকরণের লক্ষ্যে জবাবদিহিতা অংশীদারীত্বমূলক এবং স্বচ্ছ পদ্ধতি স্থাপন;
- তথ্য প্রবাহের প্রয়োজনীয় অবকাঠামো স্থাপনা নিশ্চিতকরণ;
- প্রয়োজনীয় হার্ডওয়্যার এবং সফটওয়্যার সরবরাহ এবং স্থাপিত নেটওয়ার্ক উন্নয়ন;
- ই-ডকুমেন্টেশনের মাধ্যমে আরডক (Economic Relations Documentation Centre)- কে কার্যকর ভাবে গড়ে তোলা।

8.২.২ প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও মূল কার্যক্রমঃ

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বৈদেশিক সম্পদ আহরণের জন্য সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত একমাত্র সংস্থা। সরকার কর্তৃক প্রণীত প্রকল্পসমূহের জন্য বৈদেশিক অর্থায়নের মাধ্যমে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অর্থের যোগান দে'য়া এ বিভাগের অন্যতম কাজ। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা ও অন্যদিকে উন্নয়ন সহযোগীদের মধ্যে সমন্বয় ঘটানোর কাজে ইআরডি সচেষ্ট। এছাড়া বৈদেশিক অর্থায়নে বাস্তবায়িতব্য ও বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পরিবীক্ষণ করাও এ বিভাগের অন্যতম দায়িত্ব। উপর্যুক্ত লক্ষ্য অর্জনে গৃহীত বিভিন্ন কার্যক্রম দক্ষতার সাথে সম্পন্ন করার লক্ষ্যে এ বিভাগের কর্মকর্তাদের যথাযথ জ্ঞান ও আধুনিক পদ্ধতি কাজে লাগাতে হয়। এ বিভাগের কর্মকর্তাদের মধ্যে তাই নেগোসিয়েশন ও যোগাযোগ (Communication Skill) দক্ষতা, উন্নয়ন বিষয়ক গভীর জ্ঞান, কম্পিউটার দক্ষতা যেমন থাকা প্রয়োজন তেমনি ইআরডির কার্যক্রমসমূহকে আরও আধুনিক পদ্ধতির আওতায় আনা জরুরি। কার্যকর কম্পিউটার নেটওয়ার্ক স্থাপন, ইলেক্ট্রনিক্স তথ্য ভান্ডার গড়ে তোলা, অন্যান্য প্রয়োজনীয় ভৌত অবকাঠামো ও সুযোগ সুবিধা বৃদ্ধি করা, লজিস্টিক সুযোগ-সুবিধা সহজলভ্য করা, ইআরডির বৈদেশিক অর্থায়ন সংগ্রহের কৌশল নির্ধারণ এবং এ সকল বিষয়ে কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধিকরণের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বিবেচ্য প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে।

৪.২.৩ বাস্তবায়ন অগ্রগতি (অক্টোবর ২০১৪ পর্যন্ত):

(১) স্থানীয় প্রশিক্ষণঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এ প্রকল্পের মাধ্যমে মোট ১২৪৫ জন কর্মকর্তা-কর্মচারী নিয়ে উল্লিখিত প্রশিক্ষণসমূহে অংশগ্রহণ করেছেনঃ

Sl	Topic of the Training Course	Number of Participants			
		1 st	2nd & 3rd	4th	Total
1	Basic Computer Operations and File Management	54	151	-	205
2	Basic Networking, Internet use and Information Sharing	20	80	-	100
3	Hardware Maintenance & troubleshooting	40	40	-	80
4	Basic Computer Operations, Hardware Maintenance, Networking and Information Sharing	25	25	25	75
5	Orientation of ERD Function	100	-	-	100
6	Orientation of ERD Functions and Understanding Legal Documents	50	-	-	50
7	Procurement Regulations of GoB DP's	65	-	-	65
8	Understanding Legal Documents	65	-	-	65
9	Office Management	-	150	-	150
10	Staff Development	-	-	125	125
11	Windows Server Setup and Maintenance	2	3	-	5
12	Linux-Server Setup and Maintenance	2	3	-	5
13	Web- Server Setup and Maintenance	2	3	-	5
14	English Language and Communication Skill with IELTS	60	-	-	60
15	Business English Improvement	60	-	-	60
16	Refreshers Course	50	-	-	50
17	English Language Course	-	25	-	25
18	Arabic, French এবং Spanish Language Course	20	-	-	20
Total		615	480	150	1245
Average Training Hour		95	78	25	

(২) বৈদেশিক প্রশিক্ষণঃ বৈদেশিক অর্থায়ন সংগ্রহের কৌশল নির্ধারণ ও এ বিষয়ে কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধিকরণের লক্ষ্যে নিম্নে বর্ণিত বিষয়ে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছেঃ

- (i) Aid Negotiation Skills, Donor Policies and Economic Diplomacy;
- (ii) Project Management ;
- (iii) Project Monitoring Tools & Technique;
- (iv) Attachment in DP's HQ Multilateral/Bilateral Cooperation;
- (v) Masters/Diploma/Certificate/PhD/Course;
- (vi) Study Tour.

উপরে উল্লিখিত বিষয়ে এ পর্যন্ত অর্থনৈতিক সম্পর্ক বিভাগসহ বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের মোট ১৯৩ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

(৩) **ওয়ার্কশপ আয়োজন:** এ প্রকল্পের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়ের ওপর ওয়ার্কশপের আয়োজন করা হয়েছেঃ

- (i) Conceptualization Workshop of the Basic Features of PPA-2006 & PPR-2008 and its Applicability for Foreign Aided Projects;
- (ii) Workshop on Critical Aspects of Financing Agreements;
- (iii) Workshop on Critical Aspects of Financing Agreements & DP's;
- (iv) Dissemination Workshop on Capacity Assessment, Aid Terminology and Implications in Day to Day ERD Functions;
- (v) Aid Negotiation Techniques and Analysis of Loan Agreement;
- (vi) Classification and Consignment of Files Management;
- (vii) Effective File Management;
- (viii) Workshop on Public Debt and Cash Management;
- (ix) Workshop on Economic Diplomacy: Aid, Trade and Investment;
- (x) Workshop on Basic Features of PPA 2006, PPR-2008 & e-Tendering: Applicability to Foreign Aided Project.

৪.২.৪ জোত ও কারিগরি সাপোর্টঃ ডিজিটাল বাংলাদেশ গড়তে বর্তমান সরকার ICT'র উপর ব্যাপক গুরুত্বারোপ করেছে। এ বিবেচনায় এ প্রকল্পে মাধ্যমে অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে ICT তে সমৃদ্ধ করার লক্ষ্যে নিম্নে উল্লেখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে-

- (১) এ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে একটি অত্যাধুনিক কম্পিউটার ল্যাব কাম প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে।
- (২) প্রকল্পের মাধ্যমে এ পর্যন্ত মোট ১৪ টি ল্যাপটপ সংগ্রহ করা হয়েছে। সাপোর্ট সেন্টারে ০৮ টি ল্যাপটপসহ অন্যান্য ল্যাপটপ প্রকল্প অফিস, সচিব মহোদয়ের দপ্তর, আইটি শাখা, সম্মেলন কক্ষ ও প্রশিক্ষণ কক্ষে ব্যবহৃত হচ্ছে।
- (৩) ইতোপূর্বে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ইন্টারনেট সংযোগের জন্য পরিকল্পনা বিভাগের উপর নির্ভরশীল ছিল। LAN Upgradation এর মাধ্যমে এ বিভাগে স্বয়ংসম্পূর্ণ ইন্টারনেট সেবা প্রাপ্তির মূল অবকাঠামো তৈরি করা হয়েছে।
- (৪) ইউপিএসসহ মোট ৬৬ টি ডেস্কটপ কম্পিউটার, ৭টি Projector এবং ৭৩টি UPS সংগ্রহ করা হয়েছে; তন্মধ্যে ৩০টি ল্যাবে সংস্থাপন করা হয়েছে। অবশিষ্ট কম্পিউটার বিভিন্ন শাখায় বিতরণ করা হয়েছে।
- (৫) ইতোপূর্বে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে মাত্র ৩০টি Caller ID সুবিধাসম্পন্ন Intercom System ছিল। সম্পূর্ণ Intercom System পরিবর্তনের মাধ্যমে বর্তমানে ১৫০ লাইনবিশিষ্ট Intercom System সংস্থাপন করা হয়েছে যার মাধ্যমে এ বিভাগের প্রতিটি শাখায় Caller ID সুবিধাসম্পন্ন Intercom লাইন দে'য়া হয়েছে।
- (৬) Office Time in-out device এ প্রকল্পের মাধ্যমে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রবর্তিত একটি আধুনিক উপস্থিতি ব্যবস্থা। এ ব্যবস্থা প্রবর্তনের ফলে কর্মকর্তা-কর্মচারীগণের নিয়মিত ও সময়মত দপ্তরে উপস্থিতির যথেষ্ট উন্নতি পরিলক্ষিত হচ্ছে। সরকারি দপ্তরসমূহে Good Governance এর একটি অনুষঙ্গ হিসেবে এ ব্যবস্থা প্রবর্তকদের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ অন্যতম।
- (৭) প্রকল্পের মাধ্যমে সম্পূর্ণ অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে WiFi এর আওতায় আনা হয়েছে যা কর্মকর্তা-কর্মচারী ও এখানে আগত বিদেশি অতিথিদের তথ্য যোগাযোগ ও প্রযুক্তি ব্যবহারে আরও সহযোগিতা প্রদান করেছে; যা উন্নয়ন সহযোগীসহ সকলের নিকট অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ভাবমূর্তি উজ্জ্বল করেছে।
- (৮) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জন্য ৬ (ছয়) টি ফটোকপিয়ার মেশিন ও ৩টি রঙিনসহ মোট ৩০টি প্রিন্টার এবং ৩০৭টি প্রিন্টার টোনার ও ফটোকপিয়ার টোনার সংগ্রহ করা হয়েছে।
- (৯) বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষ্যে ১৩ (তের) টি ওয়াটার পিউরিফায়ার, ৫টি Paper Shredder সংগ্রহ করে বিভিন্ন ব্লকে সংস্থাপন করা হয়েছে।

- (১০) নথি সংরক্ষণ ও বিভিন্ন তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণের জন্য প্রত্যেক শাখায় একটি করে মোট ৫৩ টি স্ক্যানার সরবরাহ করা হয়েছে।
- (১১) ২০১১ সাল থেকে প্রতিবছর ইআরডি'র ১৫০টি কম্পিউটারে Anti Virus সরবরাহ করা হয়েছে।
- (১২) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জন্য ১৪৮টি চেয়ার, ৭৪টি টেবিল, ১১টি আলমারী, ১১টি বুকসেলফ, ১০টি ফাইল কেবিনেটসহ বিভিন্ন প্রকার আসবাবপত্র সংগ্রহ করে বিভিন্ন শাখায় প্রদান করা হয়েছে। এতে দপ্তরের কর্মপরিবেশের উন্নয়নসহ দ্রুত ও সুষ্ঠুভাবে কাজ সম্পন্ন করা সম্ভব হচ্ছে।
- (১৩) এছাড়া অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট হিসেবে বিভিন্ন প্রকার দ্রব্যাদি সরবরাহ করে এ বিভাগের কর্মপরিবেশ গতিশীল রাখতে Capacity Building of ERD Project সর্বদা সহায়ক ভূমিকা পালন করে যাচ্ছে।